তিনটি জিনিস মৃত ব্যক্তিকে অনুসরণ করে: তার আত্মীয়-স্বজন, তার সম্পদ ও তার আমল। অতঃপর দু’টি জিনিস ফিরে আসে এবং একটি জিনিস রয়ে যায়। তার আত্মীয়-স্বজন ও তার ধন-সম্পদ ফিরে আসে, কিন্তু তার আমল (তার সঙ্গে) রয়ে যায়।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “তিনটি জিনিস মৃত ব্যক্তিকে
অনুসরণ করে: তার আত্মীয়-স্বজন, তার ধন-সম্পদ ও তার আমল। অতঃপর দু’টি জিনিস ফিরে আসে
এবং একটি জিনিস রয়ে যায়। তার আত্মীয়-স্বজন ও তার ধন-সম্পদ ফিরে আসে, আর তার আমল (তার সঙ্গে) রয়ে যায়।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটির অর্থ: যখন কোনো মানুষ মারা যায়, তাকে এগিয়ে দিতে লোকেরা তার পিছনে পিছনে যায়। তাকে কবরে পৌঁছে দিতে তার আত্মীয়-স্বজন তার অনুগামী হয় এবং তার সম্পদও তার অনুগামী হয়। অর্থাৎ, তার গোলাম ও খাদেমরা। আর তার আমলও তার অনুসরণ করে। অতঃপর দু’টি জিনিস ফিরে আসে কিন্তু তার আমল তার সাথে রয়ে যায়। যদি আমল ভালো হয়, তবে ভালো, আর যদি খারাপ হয় তবে খারাপ।

http://sunnah.global/hadeeth/bn/show/4240